# সরকারী মৎস্যবীজ উৎপাদন খামার / হ্যাচারি /নার্সারি/ খামার হতে রেণু / পোনা / মাছ / চিংড়ির পোস্ট লার্ভি (পিএল) উৎপাদন ও বিক্রি সংক্রান্ত নীতিমালা, ২০১৮

বাংলাদেশ পৃথিবীর অন্যতম জলজ সম্পদ সমৃদ্ধ দেশ। এ দেশে সুস্বাদু পানির মাছ ২৬০ প্রজাতি, সামুদ্রিক মাছ ৪৭৫ প্রজাতি, মিঠা পানির চিংড়ি ২৪ প্রজাতি ও সামুদ্রিক চিংড়ি ৩৬ প্রজাতি রয়েছে। ষাটের দশকে প্রাকৃতিক উৎস হতে শতকরা প্রায় ৯০ ভাগ মাছ পাওয়া যেত। তখন মাছ চাষের প্রতি মানুষ অতটা যত্নবান ছিল না। এমনকি ১৯৮৩-৮৪ সালেও মাছ চাষ হতে শতকরা ২২% এবং আহরিত মাছের পরিমাণ শতকরা ৬২% ছিল। কিন্তু জলবায়ু পরিবর্তন, প্রাকৃতিক অবক্ষয় ও মনুষ্যসৃষ্ট নানাবিধ কারণে চাহিদার তুলনায় মুক্ত জলাশয় হতে নির্বিচারে ছোট মাছ ও বুড মাছ আহরণ, প্রজনন ক্ষেত্রের ধ্বংস ইত্যাদি কারণে চাহিদার তুলনায় মুক্ত জলাশয় হতে প্রাকৃতিক উপায়ে উৎপাদিত মৎস্যসম্পদ ক্রমান্বয়ে অপ্রতুল হয়ে পড়ে।প্রকৃতিক জলাশয় হতে নির্বিচারে ছোট মাছ ও বুড মাছ আহরণ, প্রজনন ক্ষেত্রের ধ্বংস ইত্যাদি কারণে প্রাকৃতিক জলাশয়ে মাছের পোনার পর্যাপ্ততা হ্রাস পেতে থাকে। এ সম্পদের সুষ্ঠু সংরক্ষণের জন্য মানুষ সচেতন হয়ে ওঠে, শুরু হয় মৎস্য সম্পদের যথাযথ ব্যবস্থাপনা এবং বদ্ধ জলাশয়ে মাছের উৎপাদন বৃদ্ধির নানা কৌশল। আশির দশকে রুইজাতীয় মাছের প্রণোদিত প্রজননের মাধ্যমে পোনা উৎপাদনের নিমিত্ত দেশে সরকারি পর্যায়ে মৎস্য বীজ উৎপাদন খামার, হ্যাচারি ও নার্সারি গড়ে ওঠে। সরকারি অর্থ ব্যয়ে সরকারি মৎস্য বীজ উৎপাদন খামার/হ্যাচারি/নার্সারিতে রেণু, পোনা মাছ, চিংড়ির পিএল ও মাছ উৎপাদিত হয়। এগুলো উৎপাদনের ক্ষেত্রে একক প্রতি উৎপাদন ও উৎপাদনের পরে এসব রেণু, পোনা মাছ, চিংড়ির পিএল ও মাছ বিক্রয়ের জন্য একক প্রতি দরহার নির্ধারণ প্রয়োজন হয় যা সরকারি মৎস্য বীজ উৎপাদন খামার/হ্যাচারি/নার্সারিতে উৎপাদন বছরের ভৌত ও আর্থিক লক্ষ্যমাত্রা নির্ধারণ করে উৎপাদন কর্মপরিকল্পনা প্রস্তুতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। একক প্রতি উৎপাদন ও উৎপাদনের পরে রেণু, পোনা মাছ, চিংড়ির পিএল ও মাছ বিক্রয়ের জন্য একক প্রতি দরহার নির্ধারণ ও কর্মপরিকল্পনা সংক্রান্ত কোন সরকারি নীতিমালা না থাকায় সরকারী মৎস্য বীজ উৎপাদন খামার/হ্যাচারি/নার্সারিতে একক ও সমন্বনিত কর্মপরিকল্পা প্রণয়নে জটিলতা সৃষ্টি হচ্ছে। এসম্পর্কিত কর্মপরিকল্পনা প্রণয়নে শৃঙ্খলা আনয়নের লক্ষ্যে খামার/হ্যাচারি/নার্সারি রেণু, পোনা মাছ, চিংড়ির পিএল উৎপাদন ও বিক্রয় সংক্রান্ত নীতিমালা ২০১৮ প্রণয়ন জরুরী হয়ে পড়েছে।

০১। শিরোনামঃ "সরকারী মৎস্যবীজ উৎপাদন খামার / হ্যাচারি /নার্সারি/ খামার হতে রেণু / পোনা / মাছ / চিংড়ির পি.এল. উৎপাদন ও বিক্রি সংক্রান্ত নীতিমালা, ২০১৮"

০২। সংজ্ঞাঃ বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোন কিছু না থাকলে, এ নীতিমালায়-

২.১ 'রেণু' (Spawn or Hatchling) অর্থ ডিম হতে ফুটবার পর খাদ্য গ্রহণ শুরু করার পরবর্তী ৩ (তিন) হতে ৫ (পাঁচ) দিন পর্যন্ত বয়সের মাছের পোনা। এটি রেণু পোনা নামেও অভিহিত হবে।

২.২ 'পোনা' অর্থ দেশীয় প্রজাতির ছোট মাছ ব্যতীত অন্যান্য মাছের রেণুর পরবর্তী অবস্থা হতে ১২ সেন্টিমিটার পর্যন্ত ছোট মাছ;

২.৩ 'মৎস্য' (Fish) অর্থ সকল প্রকার কোমল অস্থি এবং কঠিন অস্থিবিশিষ্ট মাছ (Cartilaginous and Bony fishes), স্বাদু ও লবণাক্ত পানির চিংড়ি (Prawn and Shrimp), উভচর জলজ প্রাণী, কচ্ছপ ও কাঁকড়া জাতীয় (Crustacean) শামুক বা ঝিনুক জাতীয় (Mollusc) জলজ প্রাণী, একাইনোডার্মস জাতীয় সামুদ্রিক প্রাণী, ব্যাঙ (Frogs) এবং উহাদের জীবচক্রের যে কোন ধাপ এবং সরকার কর্তৃক প্রয়োজনবোধে, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা ঘোষিত অন্য কোন জলজ প্রাণী;

২.৪ 'পি.এল.' (Post Larvae) অর্থ চিংড়ির লার্ভি অবস্থা অতিক্রান্ত হবার পর হতে ১৫ (পনের) দিন পর্যন্ত বয়সের চিংড়ি পোনা;

২.৫ 'হ্যাচারি' অর্থ প্রণোদিত বা কৃত্রিম পদ্ধতিতে (Induced or Artificial Breeding) মৎস্য রেণু উৎপাদনে ব্যবহৃত অবকাঠামো ;

২.৬ 'বাহারি' মাছ" অর্থ এমন মৎস্য যা মূলতঃ একুয়ারিয়ামে লালন-পালন বা চাষ করা হয়:

২.৭ 'নার্সারি' (Nursery) অর্থ যেখানে ৪/৫ দিন বয়সের মাছের রেণু পরিচর্যা করে বড় মাছচাষের উদ্দেশ্যে উপযুক্ত আকারের পোনা (১৪-১৫ সেমি) প্রতিপালন করা হয়;

২.৮ 'ফার্ম বা খামার' অর্থ অর্থ মৎস্য হ্যাচারি, নার্সারি, প্রজনন খামার এবং মৎস্য বাণিজ্যিক খামার;

২.৯ 'প্রজননক্ষম মৎস্য' (Brood fish) অর্থ প্রজননের জন্য উপযুক্ত স্ত্রী ও পুরুষ মৎস্য;

২.১০ 'মহাপরিচালক' অর্থ মৎস্য অধিদপ্তরের মহাপরিচালক;

২.১১ 'কারিগরী কমিটি' অর্থ এ নীতিমালার ৬(১) অনুচ্ছেদে বর্ণিত কমিটি।

২.১২ 'বিভাগীয় কমিটি' অর্থ এ নীতিমালার ৮(১) অনুচ্ছেদে বর্ণিত কমিটি।

২.১৩ 'ন্যায্যমূল্য' অর্থ এ নীতিমালার ৬(১) অনুচ্ছেদে বর্ণিত কারিগরী কমিটি কর্তৃক নির্ধারিত মূল্য।

০৩। নীতিমালার উদ্দেশ্যঃ

৩.১ দেশে মৎস্য সম্পদের কাঙ্খিত টেকসই উন্নয়ন নিশ্চিত করার লক্ষ্যে সরকারি মৎস্যবীজ উৎপাদন খামারে গুণগত মানসম্পন্ন রেণু, পোনা মাছ এবং চিংড়ির পি.এল. উৎপাদন।

৩.২ উৎপাদিত পোনা নির্বাচিত মৎস্য চাষি, নার্সারি মালিক ও ফার্ম বা খামারে ন্যায্যমূল্যে সরবরাহ নিশ্চিতকরণ।

৩.৩ দেশের প্রাণিজ আমিষের চাহিদা পূরণে ভূমিকা রাখা।

০৪। নীতিমালার প্রযোজ্যতা:

৪.১ দেশে বিদ্যমান সরকারি সকল মৎস্য বীজ উৎপাদন খামার এই নীতিমালার আওতাভুক্ত হবে।

৪.২ সরকারি সকল মৎস্য বীজ খামারে উৎপাদিত রেণু, পোনা মাছ, চিংড়ির পি.এল. ও মাছ ইত্যাদির জন্য ধার্যকৃত মূল্যে বেসরকারি ব্যক্তি ও প্রতিষ্ঠান ক্রয় করতে পারবে।

**৫। নীতিমালার আইনগত ভিত্তি :**

(ক) জাতীয় মৎস্য নীতি, ১৯৯৮;

(খ) মৎস্যখাদ্য ও পশুখাদ্য আইন, ২০১০

(গ) মৎস্যখাদ্য বিধিমালা, ২০১১

(ঘ) মৎস্য হ্যাচারী আইন, ২০১০

(ঙ) মৎস্য হ্যাচারী বিধিমালা, ২০১১

**৬। রেণু /পোনা/ ব্রুড মাছ/বড় মাছ/ চিংড়ির পি.এল একক প্রতি উৎপাদন ব্যয় ও বিক্রি মূল্য নির্ধারণী কারিগরী কমিটিঃ**

৬.১. কারিগরি কমিটির রূপরেখা নিম্নরূপঃ

| ক্রঃ নং | কর্মকর্তার পদবী | কমিটিতে পদবী |
|---|---|---|
| ০১ | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য জরিপ ও পরিকল্পনা), মৎস্য অধিদপ্তর | সভাপতি |
| ০২ | উপপরিচালক (অর্থ ও পরিকল্পনা), মৎস্য অধিদপ্তর | সদস্য |
| ০৩ | সহকারী পরিচালক (জলমহাল), মৎস্য অধিদপ্তর | সদস্য |
| ০৪ | প্রধান মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা, মৎস্য অধিদপ্তর | সদস্য |
| ০৫ | সহকারী পরিচালক (মৎস্যচাষ), মৎস্য অধিদপ্তর | সদস্য |
| ০৬ | মৎস্য/চিংড়ি হ্যাচারি এসোশিয়েসনের একজন প্রতিনিধি (মহাপরিচালক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ০৭ | উপপরিচালক (মৎস্য চাষ), মৎস্য অধিদপ্তর | সদস্য-সচিব |

৬.২ কমিটির কার্যপরিধি-.

ক) খামারসমূহে উৎপাদিত রেণু/ পোনা/ব্রুড মাছ/বড় মাছ/ পি.এল ইত্যাদির পরিমাণ নির্ধারণ করা;

খ) উৎপাদিত রেণু/ পোনা/ব্রুড মাছ/বড় মাছ/ পি.এল গুণগত মান সম্পন্ন কি না তা যাচাই করা;

গ) উৎপাদিত রেণু/ পোনা/ব্রুড মাছ/বড় মাছ/ পি.এল এর একক উৎপাদন ব্যয় ও বিক্রয় মূল্য নির্ধারণ করা;

ঘ) কমিটি নির্দিষ্ট সময় পর পর বাস্তবতার নিরীখে রেণু/ পোনা/ব্রুড মাছ/বড় মাছ/ পি.এল এর উৎপাদন ও বিক্রয় মূল্য পুন:নির্ধারণ করা।

৭। উপপরিচালক (মৎস্য চাষ),মৎস্য অধিদপ্তর এর দায়িত্ব

৭.১ করিগরী কমিটির কর্তৃক সুপারিশকৃত একক উৎপাদন ব্যয় ও বিক্রয় মূল্য মহাপরিচালক কর্তৃক অনুমোদন গ্রহণের ব্যবস্থা করা।

৭.২ উৎপাদন ও বিক্রয় সংক্রান্ত সমস্ত তথ্যাদি যথাযথভাবে সংরক্ষণ এবং বাস্তবায়ন পরিবীক্ষণ করা;

৭.৩ বছরে ন্যূনতম ৩টি কারিগরী কমিটির সভা আয়োজন এবং প্রথম সভাটি প্রতিবছরে নভেম্বর মাসে সম্পন্ন করা।

৭.৪ বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন ছক ও সাধারণ অনুসরণীয় বিষয়সমূহ প্রস্তুত করা।

৮। বিভাগের আওতাধীন খামারসমূহের বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন ও পরিবীক্ষণ কমিটি:

৮.১ বিভাগীয় কমিটির রূপরেখা নিম্নরূপঃ

| ক্রঃ নং | কর্মকর্তার পদবী | কমিটিতে পদবী |
|---|---|---|
| ১ | উপপরিচালক, মৎস্য অধিদপ্তর (সংশ্লিষ্ট বিভাগ) | আহবায়ক |
| ২ | জেলা মৎস্য কর্মকর্তা (সংশ্লিষ্ট বিভাগের সকল) | সদস্য |
| ৩ | সংশ্লিষ্ট বিভাগের মৎস্য খামার ব্যবস্থাপকদের প্রতিনিধি (জেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক মনোনীত একজন) | সদস্য |
| ৪ | সিনিয়র সহকারী পরিচালক / সহকারী পরিচালক (সংশ্লিষ্ট বিভাগ) | সদস্য সচিব |

৮.২ বিভাগীয় কমিটির কার্যপরিধিঃ

ক) খামারের বিদ্যমান সুযোগ-সুবিধা বিবেচনায় রেখে বার্ষিক উৎপাদন কর্মপরিকল্পনা প্রণয়ন ও খামারের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করা।

খ) কারিগরি কমিটি কর্তৃক ধার্যকৃত রেণু/ পোনা/ব্রুড মাছ/বড় মাছ/ পি.এল ইত্যাদির মূল্য অনুসরণে খামার কর্তৃক প্রস্তুতকৃত প্রাথমিক ভৌত ও আর্থিক লক্ষ্যমাত্রা সম্বলিত কর্মপরিকল্পনা বিবেচনা করা ও চূড়ান্ত অনুমোদনের জন্য সুপারিশ, সহকারে মহাপরিচালক বরাবর প্রেরণ করা।

গ) চূড়ান্তভাবে অনুমোদিত বার্ষিক কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও সাধারণ অনুসরণীয় বিষয়সমূহ যথাযথভাবে অনুসরণ ও পরিবীক্ষণ করা।

ঘ) অনুমোদিত কর্মপরিকল্পনা মোতাবেক নির্ধারিত মূল্যে রেণু/ পোনা/ব্রুড মাছ/বড় মাছ/ পি.এল বিক্রি হচ্ছে কিনা তা পরিবীক্ষণ করা।

ঙ) প্রতিমাসে বিভাগীয় কমিটির সভা আয়োজন এবং প্রথম সভাটি প্রতিবছরে অক্টোবর মাসে শুরু করা।

৯। **রেণু/ পোনা/ব্রুড মাছ/বড় মাছ/ পি.এল উৎপাদন ও বিক্রয়ের তথ্য সংরক্ষণঃ**

৯.১ নিম্নোক্ত ছকে সংশ্লিষ্ট খামার ব্যবস্থাপক রেণু/ পোনা/ব্রুড মাছ/বড় মাছ/ পি.এল উৎপাদন ও বিক্রয়ের তথ্য সংরক্ষণ করা

ছক ১. রেণু/ পোনা/ব্রুড মাছ/বড় মাছ/ পি.এল উৎপাদন ও বিক্রয়ের তথ্য সংরক্ষণ

| তারিখ | প্রজাতি | পরিমাণ | | উৎপাদন ব্যয় (টাকা) | বিক্রয়মূল্য (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | কেজি | লক্ষ | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | মোট | | | | | |

৯.২ উপরোক্ত ছক অনুযায়ী তথ্য সংগ্রহ করে কমিটির সদস্য-সচিব বিভাগীয় কমিটির সভায় উপস্থাপন ও মৎস্য অধিদপ্তরের প্রধান কার্যালয়ে প্রেরণ করবেন।

১০। রেণু/ পোনা/ব্রুড মাছ/বড় মাছ/ পি.এল. বিক্রির ক্ষেত্রে বিধি নিষেধ

১০.১ কারিগরী কমিটি কর্তৃক সুপারিশকৃত ও মহাপরিচালক কর্তৃক অনুমোদিত নির্ধারিত মূল্যের বাইরে কোন সরকারি খামার হতে রেণু/ পোনা/ব্রুড মাছ/বড় মাছ/ পি.এল বিক্রি করা যাবে না ।

১০.২ নির্ধারিত মূল্যে কোন সরকারি খামার হতে রেণু/ পোনা/ব্রুড মাছ/বড় মাছ/ পি.এল বিক্রি এর বিষয়টি সংশ্লিষ্ট বিভাগীয় উপপরিচালক ও জেলা মৎস্য কর্মকর্তা পরিবীক্ষণ করবেন এবং মহাপরিচালক বরাবর প্রতিবেদন প্রেরণ করবেন।

১১। এই নীতিমালায় যা কিছুই থাকুক না কেন, সরকার জনস্বার্থে এই নীতিমালার পরিবর্তন, পরিমার্জন বা সংশোধনের যে কোন সিদ্ধান্ত গ্রহণের অধিকার সংরক্ষণ করে।

১২। সরকারি খামার সমুহের ২০১৭ সালের কর্মপরিকল্পনা প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকা বাতিল বলে গণ্য হবে।

২৫/০৬/১৮
(মুহাঃ নওশের আলী)
সহকারী পরিচালক (মৎস্যচাষ)
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।

মোহাম্মদ কামরুজ্জামান হোসাইন
প্রধান মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ
মৎস্য ভবন, রমনা, ঢাকা।